

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৮.৩৬.০৪৮.১৪-২০৬


তারিখঃ ৩০ কার্তিক ১৪২৩ বং
১৪ নভেম্বর, ২০১৬ খ্রিঃ

বিষয়ঃ বায়োগ্যাস প্লান্ট স্থাপনের লক্ষ্যমাত্রা পুনঃ নির্ধারণ এবং পুনঃ নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা(ফেজ-২)”-শীর্ষক প্রকল্পের ডিডিপি’তে প্রকল্প মেয়াদে (জানুয়ারি ২০১৪ থেকে ৩০ জুন ২০১৮খ্রিঃ পর্যন্ত) প্রকল্পভুক্ত ৬৬ টি উপজেলায় মোট ৩১,০০০ টি বায়োগ্যাস প্লান্ট স্থাপন লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। উল্লেখ্য, ৩০ জুন ২০১৬ পর্যন্ত বায়োগ্যাস প্লান্ট স্থাপন বাস্তব অগ্রগতি মাত্র ৪,০৭৫ টি যা মোট লক্ষ্যমাত্রার মাত্র ১৩.১৫%। প্রকল্প মেয়াদের অবশিষ্ট সময়ের মধ্যে প্রকল্পের মোট লক্ষ্যমাত্রার অবশিষ্ট ২৬,৯২৫ টি বায়োগ্যাস প্লান্ট স্থাপনের নিমিত্ত নিম্নবর্ণিতভাবে বায়োগ্যাস প্লান্ট স্থাপনের অর্থবছরভিত্তিক প্রকল্প এলাকার মোট ও উপজেলার লক্ষ্যমাত্রা পুনঃ নির্ধারণ করা হলোঃ

অর্থবছর	বায়োগ্যাস প্লান্ট স্থাপনের মোট লক্ষ্যমাত্রা	উপজেলা প্রতি মোট বাৎসরিক লক্ষ্যমাত্রা
২০১৬-২০১৭	১০,০০০ টি	১৫২ টি
২০১৭-২০১৮	১৬,৯২৫ টি	২৫৬ টি

- ০২। বায়োগ্যাস প্লান্টের কাঁচামালের পর্যাপ্ততা ও জনগণের চাহিদা রয়েছে এমন উপজেলায় গড় লক্ষ্যমাত্রার চেয়ে বেশী সংখ্যক বায়োগ্যাস প্লান্ট স্থাপন করার জন্য উৎসাহিত করা হলো।
- ০৩। বায়োগ্যাস প্লান্ট স্থাপনের উপজেলাভিত্তিক পুনর্গঠিত লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের নিমিত্ত নিম্নবর্ণিত নির্দেশনা অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলোঃ
- ক) প্রকল্প এলাকার জনগণকে বায়োগ্যাস প্লান্ট স্থাপনে উদ্বুদ্ধকরণের জন্য ব্যাপক প্রচারনা (ওরিয়েন্টেশন প্রশিক্ষণ, লিফলেট বিতরণ, জনসংযোগ ও জনপ্রতিনিধিগণের সহায়তা, যথাযথ কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন ইত্যাদি) চালাতে হবে। গ্রামে গ্রামে জনসংযোগ করে বায়োগ্যাস প্লান্ট স্থাপনে জনগণকে উদ্বুদ্ধ করতে হবে। বায়োগ্যাস প্লান্ট স্থাপনে উদ্বুদ্ধ জনগোষ্ঠিকে দ্রুত কারিগরি ও প্রযোজ্য ক্ষেত্রে ঋণ সহায়তা প্রদান করে বায়োগ্যাস প্লান্ট স্থাপন করতে হবে।
- খ) ঋণ তহবিল ও সাবসিডি খাতে প্রদত্ত বরাদ্দের সর্বোচ্চ ব্যবহার করতে হবে। ঋণ তহবিলের পর্যাপ্ততা না থাকলে ঋণ সহায়তা গ্রহণের জন্য স্থানীয় সোনালী ব্যাংক এর সাথে যোগাযোগ করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে। উল্লেখ্য, ঋণ সহায়তা প্রদানের জন্য সোনালী ব্যাংক কর্তৃপক্ষের নিকট ডিও পত্র দেয়া হয়েছে।
- গ) বর্ষাকালে উঁচু স্থানে এবং বিশেষ ব্যবস্থায় বায়োগ্যাস প্লান্ট স্থাপন করতে হবে এবং অন্য সময়ে বেশী সংখ্যক বায়োগ্যাস প্লান্ট স্থাপন করে লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে।
- গ) উপজেলা নির্বাহী কর্মকর্তা, জেলা/উপজেলা পর্যায়ে প্রাণী সম্পদ অধিদপ্তর, পরিবেশ অধিদপ্তর এর সহায়তা গ্রহণ করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে। উল্লেখ্য, প্রকল্প বাস্তবায়নে সহায়তা প্রদানের জন্য সংশ্লিষ্টদের নিকট ডিও পত্র দেয়া হয়েছে।
- ০৪। বর্ণিত অবস্থায়, ২০১৬-২০১৭ অর্থবছরে বায়োগ্যাস প্লান্ট স্থাপনের পুনঃনির্ধারিত লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের লক্ষ্যে যথাযথ উদ্যোগ ও সর্বাঙ্গিক প্রচেষ্টা চালানোর জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য, যারা লক্ষ্যমাত্রার অতিরিক্ত বায়োগ্যাস প্লান্ট স্থাপনে সক্ষম হবেন তাদের জন্য যথাযথ স্বীকৃতি, মূল্যায়ন, প্রনোদনার ব্যবস্থা করা হবে।


(মোঃ আঃ হামিদ খান)

প্রকল্প পরিচালক

ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প

যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

ফোনঃ ৯৫৮৮৩৯২, ফ্যাক্স : ৮৯৭৮১০৪

Email : pdimpactphase2dyd@gmail.com

বিতরণঃ

- ১। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, -----জেলা।
- ২। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (তাঁকে পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, -----উপজেলা, -----জেলা।
- ৪। উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার/ উপজেলা বায়োগ্যাস সাব-এসিস্টেন্ট ইঞ্জিনিয়ার, ইমপ্যাক্ট(ফেজ-২) প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, -----উপজেলা, -----জেলা।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
- ২। যুগ্মসচিব(যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মপ্রধান, স্কাইসোয়াম উইং, পরিকল্পনা কমিশন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।